

ইউনিয়ন পরিষদ সচিবকে তথ্য কমিশনের জরিমানা

অযৌক্তিকভাবে তথ্য মূল্য অনেক বেশি দাবী করায় তথ্য অধিকার আইনে মুন্সিগঞ্জের লৌহজং উপজেলার কলমা ইউনিয়ন পরিষদের সচিব মোঃ কবির হোসেনকে ৫০০ টাকা জরিমানা করেছে তথ্য কমিশন। উল্লেখ্য তথ্য কমিশন স্ব-প্রণোদিতভাবে উক্ত অভিযোগটি গ্রহণ করেছিল।

তথ্য কমিশন আদালতে আজ ১০টি অভিযোগের শুনানীশেষে ০৭ টি অভিযোগের নিষ্পত্তি করা হয়, ০২টি অভিযোগের পরবর্তী শুনানীর তারিখ নির্ধারিত হয় এবং ০১টি অভিযোগ খারিজ করে দেওয়া হয়। এছাড়া ০১টি গ্রহণযোগ্যতা বিষয়ক অভিযোগের শুনানী করা হয়।

শুনানীতে অংশ নেন মাননীয় প্রধান তথ্য কমিশনার জনাব মরতুজা আহমদ এবং তথ্য কমিশনার জনাব নেপাল চন্দ্র সরকার।



নিষ্পত্তিকৃত অভিযোগগুলো হচ্ছে লক্ষ্মীপুরের চন্দ্রগঞ্জ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা(ওসি), অগ্রণী ব্যাংক লিমিটেড প্রধান কার্যালয়ের এইচআর প্লানিং ডিপ্লয়মেন্ট এন্ড অপারেশন ডিভিশনের উপ-মহাব্যবস্থাপক, অগ্রণী ব্যাংক লিমিটেড প্রধান কার্যালয়ের ম্যানকম সভার উপ-ব্যবস্থাপনা পরিচালক-১ ও চেয়ারম্যান,

ঢাকা জেলার দোহার ০২নং কুসুমহাটি ইউনিয়ন পরিষদের সচিব, গাজীপুরের কাপাসিয়া ইউনিয়ন পরিষদের সচিব এবং গণপূর্ত অধিদপ্তর, রংপুর নির্বাহী প্রকৌশলী কার্যালয়ের নির্বাহী প্রকৌশলীর বিরুদ্ধে আনিত অভিযোগ। শুনানীতে আবেদনকারীদের প্রার্থিত তথ্য নির্দিষ্ট সময়ের মধ্যে প্রদানের নির্দেশ দেওয়া হয়। এছাড়া ঢাকা জেলার আশুলিয়ার পাখালিয়া ইউনিয়ন পরিষদের সচিবের বিরুদ্ধে আনিত অভিযোগ খারিজ করে দেওয়া হয়।

অন্যদিকে কুমিল্লা হাইওয়ে পুলিশের অতিরিক্ত পুলিশ সুপার এবং ঢাকা জেলার দোহার ০১নং নয়াবাড়ী ইউনিয়ন পরিষদের সচিবের বিরুদ্ধে আনিত অভিযোগের পরবর্তী শুনানীর দিন ধার্য করা হয়।

স্বাক্ষরিত:-

০৬-০২-২০১৮

(লিটন কুমার প্রামাণিক)

জনসংযোগ কর্মকর্তা

তথ্য কমিশন

ফোন-৯১৩৭৩৩২

মোঃ ০১৭১০-৪৩৭২৬৬

E-mail: pro@infocom.gov.bd